**THE COLLEGE BOARD**

# PSAT™ 8/9 Test Directions Translated into <BENGALI> for Students

## 2018-2019 Only

**Notes to the Proctor:** This document should be printed and distributed once students are seated.

Students may use this document to read translations of the directions that are read aloud or printed in their test book.

Students may keep this document open and on their desk during the entire testing period.

Students may **not** be given additional time, unless approved as a separate accommodation.

Collect this document from each student at the end of testing and securely destroy it.

© 2018 The College Board. College Board is a registered trademark of the College Board. PSAT is a trademark owned by the College Board. Unauthorized copying or reuse of any part of this document is illegal.

# বিষয়বস্তুর সারণী


শিক্ষার্থীদের জন্য নোটস ..... 3

1 পরীক্ষার দিনের নির্দেশিকাসমূহ ..... 3

1.1 পরীক্ষা শুরু হওয়ার আগে ..... 3

1.1.1 উত্তরপত্র বিতরণ ..... 5

1.1.2 পরীক্ষার বই বিতরণ ..... 6

1.1.3 পরীক্ষার বইয়ের তথ্য এবং শংসাপত্রের বিবৃতি সমাপ্তির সময় ..... 6

1.1.3.1 নির্দিষ্ট বিন্যাসের নির্দেশাবলী ..... 7

1.1.4 সামনের কভারের নির্দেশিকা ..... 9

1.1.5 পিছনের কভারের নির্দেশাবলী ..... 10

1.2 স্ক্রিপ্ট 1: মানক সময় ..... 11

1.2.1 বিভাগ 1: পঠনের পরীক্ষা ..... 11

1.2.1.1 বিরতি চলাকালীন ..... 12

1.2.1.2 বিভাগ 1 পরীক্ষার বইয়ের নির্দেশিকা ..... 12

1.2.2 বিভাগ 2: লেখা ও ভাষার পরীক্ষা ..... 12

1.2.2.1 বিভাগ 2 পরীক্ষার বইয়ের নির্দেশিকা ..... 13

1.2.3 বিভাগ 3: গণিতের পরীক্ষা – কোনো ক্যালকুলেটর নেই ..... 13

1.2.3.1 বিরতি চলাকালীন ..... 14

1.2.3.2 বিভাগ 3 পরীক্ষার বইয়ের নির্দেশিকা ..... 15

1.2.4 বিভাগ 4: গণিতের পরীক্ষা – ক্যালকুলেটর ..... 17

1.2.4.1 বিভাগ 4 পরীক্ষার বইয়ের নির্দেশিকা ..... 18

2 পরীক্ষার পরে ..... 20

2.1 সমাপ্তি ..... 20

2.1.1 পরীক্ষার বই এবং অন্য পরীক্ষার সামগ্রী সংগ্রহ করা হচ্ছে ..... 20

2.1.2 শেষ করা হচ্ছে ..... 20

2.1.3 উত্তরপত্র সংগ্রহ করা ..... 20

2.1.3.1 ছাত্রদের ছাড়ার আগে ..... 20

# শিক্ষার্থীদের জন্য নোটস

- আপনার পর্যবেক্ষক যে নির্দেশিকাটি জোরে পড়বেন এটি তার অনুবাদ। এই অনূদিত নির্দেশিকা আপনার পর্যবেক্ষক যা পড়ছেন তার প্রতিটি শব্দ নাও মিলতে পারে; তবে প্রাসঙ্গিক তথ্য একই থাকে। আপনার পর্যবেক্ষক যা পড়ছেন তা নিয়ে আপনার প্রশ্ন থেকে থাকলে অনুগ্রহ করে আপনার হাত তুলুন।
- আপনার অনূদিত পরীক্ষার বইয়ের নির্দেশিকা রেফার করার প্রয়োজন হলে আপনি অনূদিত উচ্চারিত নির্দেশিকার পরে প্রতিটি পরীক্ষার বিভাগের শেষে তা খুঁজে পেতে পারেন।
- আপনি পরীক্ষার সম্পূর্ণ সময়কালটিতে আপনার ডেস্কে এই ডকুমেন্টটি রেখে দিতে পারেন তবে পরীক্ষার পরে এটি অবশ্যই পর্যবেক্ষককে ফেরত দিতে হবে।
- আপনি এই ডকুমেন্টটি খসড়া কাগজ হিসাবে ব্যবহার করতে পারবেন না।
- বিভিন্ন সময়ে আপনার পর্যবেক্ষক প্রয়োজন মতো কোনো বিভাগে কত সময় বাকি আছে ও কখন বিরতি হবে তা  ঘোষণা করবেন। আপনি যদি কোনো অনুমোদিত সুবিধা গ্রহণ করে পরীক্ষায় বসে থাকেন, তাহলে এই ঘোষণাগুলিতে উল্লিখিত এসময় ও বিরতিগুলি এই অনূদিত ডকুমেন্টে তালিকাবদ্ধ সময় ও বিরতির সময়ের থেকে পৃথক হতে পারে। অনুগ্রহ করে আপনার পর্যবেক্ষকের পড়া ঘোষণাগুলো মনোযোগ সহকারে শুনুন।
- আপনি অনুমোদিত ব্যবস্থা সহ পরীক্ষা করলে আপনার পর্যবেক্ষক আপনাকে ইংরাজিতে অতিরিক্ত নির্দেশিকা দিতে পারেন।
- কয়েকটি ক্ষেত্রে আপনার প্রদেশ ও জেলার উত্তর পত্রের সাথে সম্পর্কিত অনন্য নির্দেশিকা বা নীতি থাকতে পারে। আপনার উত্তর পত্রে ব্যক্তিগত তথ্য কীভাবে পূরণ করতে হবে সে সম্পর্কে আপনার পর্যবেক্ষকের কথা শুনুন ও নির্দেশিকা অনুসরণ করুন।
- নির্দিষ্ট তথ্যে আপনার মনোযোগ আকর্ষণ করতে এই আইকনগুলো ডকুমেন্টে সর্বত্র ব্যবহৃত হয়:

গুরুত্বপূর্ণ তথ্য

আপনার পর্যবেক্ষক দ্বারা উচ্চারিত নির্দেশিকাসমূহ

আপনার পরীক্ষার বইয়ে যে নির্দেশাবলী দেওয়া আছে

# 1 পরীক্ষার দিনের নির্দেশিকাসমূহ

## 1.1 পরীক্ষা শুরু হওয়ার আগে

*আপনার পর্যবেক্ষক এটি বলার মাধ্যমে শুরু করবেন:*

PSAT 8/9 প্রশাসনে স্বাগত। এই পরীক্ষাটি স্কুল জুড়ে আপনি ইতিমধ্যে কী শিখেছেন সেটির উপরে নজর রাখবে। আপনার হাই স্কুলে কোন বিষয়ে উন্নতি করার প্রয়োজন হতে পারে তা আপনাকে দেখার একটি সুযোগ দিতে পারে। আপনি অনূদিত মুদ্রিত নির্দেশিকা ব্যবহার করলে আমি নির্দেশিকা দেওয়ার সাথে সাথে অনুসরণ করতে পুস্তিকাটি খুলুন।

আমরা পরীক্ষাটি শুরু করার আগে আমি কিছু প্রবিধান ও নির্দেশিকা পড়তে চলেছি। অনুগ্রহ করে মনোযোগ দিয়ে শুনুন ও আমি কোনো প্রশ্ন জিজ্ঞাসা না করা অবধি অপেক্ষায় রাখুন।

আজকের পরীক্ষার জন্য আপনি আপনার উত্তর পত্রে চিহ্নিত করতে শুধুমাত্র 2 নম্বর পেনসিল ব্যবহার করতে পারেন। যান্ত্রিক পেনসিল ব্যবহারের অনুমতি নেই। আপনার কাছে 2 নম্বর পেনসিল না থেকে থাকলে অনুগ্রহ করে হাত তুলুন, আমি আপনাকে একটি পেনসিল দেব।

*তারপরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

সমস্ত শিক্ষার্থীর এই পরীক্ষাটিতে তাদের দক্ষতা ও জ্ঞান প্রদর্শন করার সমানাধিকার থাকা উচিত। এই কারণে কেউ কোনো অন্যায্য সুবিধা পাচ্ছে না তা নিশ্চিত করতে বিধি কার্যকর রয়েছে। কেউ নীচের কোনো একটি করলে আমরা তা খারিজ করব ও নম্বর বাতিল করব:

- পরীক্ষায় কোনো ধরণের সুবিধা প্রদান বা গ্রহণ করা
- পরীক্ষা শুরুর আগে পরীক্ষার বইটি খুলে দেখা
- ভুল বিভাগের উত্তর দেওয়া বা পরীক্ষার বই বা উত্তর পত্রের আগের বা আগাম বিভাগ দেখা
- সময় শেষ হয়ে যাওয়ার পরেও উত্তর চিহ্নিত করা
- পরীক্ষা চলাকালীন বা তারপরে পরীক্ষার প্রশ্ন বা উত্তরগুলো শেয়ার করা
- পরীক্ষার ঘরটি থেকে পরীক্ষার সামগ্রী অপসারণের চেষ্টা করা
- পরীক্ষার কোনো অননুমোদিত সহায়ক, সাথে পরীক্ষা চলাকালীন বা বিশ্রামের সময়ে ফোন ব্যবহার করা

আপনাকে নিম্নলিখিত কারণেও খারিজ করা হতে পারে:

- পরীক্ষা চলাকালীন খাওয়া বা পান করা (যদি না এটি স্বাচ্ছন্দ্যবিধানের উপায় হিসাবে অনুমোদিত থাকে—অন্যথায় খাওয়া ও পান করা একমাত্র বিরামকালেই অনুমোদিত)
- অন্যান্য শিক্ষার্থীদের যে কোনো ধরণের অসুবিধা সৃষ্টি বা চিত্তবিক্ষেপ করার কারণ হওয়া
- পরীক্ষা বা বিরতি চলাকালীন অনুমতি ছাড়াই এই রুম বা বিল্ডিং ছেড়ে যাওয়া

আমি এখনো অবধি যা বলেছি সে বিষয়ে কি কারো কোনো প্রশ্ন রয়েছে?

*যদি আপনার স্কুল শিক্ষার্থীদের ব্যক্তিগত জিনিসপত্র সংগ্রহ করে থাকলে আপনার পর্যবেক্ষক বলবেন:*

এই সময়ের মধ্যে আপনার সমস্ত ফোন বা অন্য কোনো বৈদ্যুতিন ডিভাইস চালু করা উচিত। যদি কারোর এখনো কোনো ধরণের বৈদ্যুতিন ডিভাইস থেকে থাকে তবে অনুগ্রহ করে অ্যালার্ম বন্ধ করুন, এটির পাওয়ার অফ করুন ও আমাকে দিন, পরীক্ষা শেষ হলে এটি আপনাকে ফেরত দেয়া হবে।

*যদি আপনার স্কুল শিক্ষার্থীদের ব্যক্তিগত জিনিসপত্র সংগ্রহ করে না থাকলে আপনার পর্যবেক্ষক বলবেন:*

এই মুহূর্তে আপনার কাছে যদি কোনো ফোন অথবা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস থাকে তাহলে আপনাকে অবশ্যই অ্যালার্ম বন্ধ করতে, এটি সম্পূর্ণরূপে পাওয়ার অফ করতে হবে এবং সেটি আপনার ব্যাগে রাখতে হবে যা পরীক্ষা শেষ না হওয়া অবধি আপনার ডেস্কের নীচে রাখতে হবে। কোনো ইলেকট্রনিক বন্ধ না হওয়া অবস্থায় পাওয়া গেলে সেটি নিয়ে নেওয়া হবে এবং তদন্তের উদ্দেশ্যে তাদের বিষয়বস্তু যাচাই করা হবে, আর আপনাকে পরীক্ষা থেকে বরখাস্ত করা হবে।

আপনি বিরতির সময় খাওয়ার জন্য ভাজাভুজি বা পানীয় এনে থাকলে সেগুলো বার করে এখনই আপনার ডেস্কের নীচে রেখে দিন। বিরতি চলাকালীন আপনাকে আপনার ব্যাগ ব্যবহারের অনুমতি দেওয়া হবে না।

সমস্ত ব্যাগ বন্ধ করুন ও সেগুলো পরীক্ষা শেষ না হওয়া অবধি আপনার ডেস্কের নীচে রাখুন।

*তারপরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

এবার আমরা পরীক্ষাটি শুরু করার প্রস্তুতি নিতে চলেছি।

অনুগ্রহ করে আপনার নম্বর 2 পেনসিল, ইরেজার, অনুমোদিত ক্যালকুলেটর ও পরীক্ষার জন্য অনুমোদিত যে কোনো ডিভাইস বাদে সমস্ত কিছু অপসারণ করুন।

আপনি কোনো ব্যাকআপ ক্যালকুলেটর অথবা অতিরিক্ত ব্যাটারি এনে থাকলে অনুগ্রহ করে সেগুলো আপনার ডেস্কে রাখুন। [আপনি পরীক্ষা বা বিরতি চলাকালীন অন্য শিক্ষার্থীর সাথে কোনো ক্যালকুলেটর শেয়ার করতে পারেন না।]

*যখন সমস্ত শিক্ষার্থী প্রস্তুত হবে তখন আপনার পর্যবেক্ষক বলতে পারেন:*

ধন্যবাদ। অনুগ্রহ করে চুপ করে বসে থাকুন, যতক্ষণ না আমি চারিদিক ঘুরে দেখে নিশ্চিত হই যে সবার কাছে অনুমোদিত ক্যালকুলেটর আছে।

### 1.1.1 উত্তরপত্র বিতরণ

*যখন সমস্ত শিক্ষার্থী প্রস্তুত, তখন আপনার পর্যবেক্ষক বলবেন:*

আমি এখন আপনাদের প্রত্যেককে আপনার উত্তরপত্র দিতে চলেছি।

*যারা বৃহৎ ব্লক উত্তরপত্র ব্যবহার করেন সেই শিক্ষার্থীদের আপনার পর্যবেক্ষক বলবেন:*

উত্তর কিভাবে মার্ক করবেন তার জন্যে উত্তরপত্রের পৃষ্ঠা 1-এর নির্দেশিকা পড়ুন। আপনারা বাবলের বদলে স্কোয়ার বানাবেন, এবং আমার ঘোষণা করা পৃষ্ঠার নম্বর থেকে পৃথক হবে। যেকোনো সময় সহযোগিতার জন্যে হাত তুলুন।

*সকল শিক্ষার্থীকে আপনার পর্যবেক্ষক বলবেন:*

অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনার সঠিক আইনি নাম এবং জন্ম তারিখ উত্তর পত্রে সঠিকভাবে এবং সংশ্লিষ্ট বাবলগুলি সঠিকভাবে পূরণ করা হয়েছে। যদি আপনি ভুল উত্তর পত্র পেয়ে থাকেন তাহলে হাত তুলুন।

*যে সব ছাত্রদের উত্তরপত্র ভর্তি করা দরকার তাদের আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনার আইনি পদবি, নাম এবং যদি একটি মধ্যনাম থাকে তাহলে প্রথমে বাক্স 1 এ পূরণ করা শুরু করুন। স্পেস, হাইফেন অথবা এপোস্ট্রফিস আপনার নামের আংশ হলে তা অন্তর্ভুক্ত করুন। আপনি আপনার পদবি ছাড়া অন্য কোনো নাম লিখলে আপনার নম্বর বিলম্ব হতে পারে। বাক্সগুলোতে সব বড় হাতের অক্ষর লিখুন তারপর সমতুল বাবলগুলো পূরণ করুন। নিশ্চিত করুন যেন প্রতিটি বাবল যেন গভীরভাবে চিহ্নিত হয় এবং বাবলটি সম্পূর্ণভাবে ভরে থাকে। আপনার সমাপ্ত হলে দেখুন। আর কোনো প্রশ্ন রয়েছে?

*(A) ক্ষেত্র 2–4-এর জন্যে, যদি আপনার শ্রেনীকক্ষের শিক্ষার্থীরা একই স্কুল থেকে না হয় তাহলে আপনার পর্যবেক্ষক বলবেন:*

যদি এই স্কুলেই আপনি রোজ যান তাহলে ক্ষেত্র 2-তে "হ্যা।" লেখা বাবলটি পুরণ করুন এবং ক্ষেত্র 3-এ আপনার স্কুলের নাম ও ঠিকানা পূরণ করুন। আপনি যদি এই স্কুলে প্রতিদিন না আসেন, এবং আপনি ঘরে পড়াশুনা না করে থাকেন, তাহলে দ্বিতীয় বাবলটি পূরণ করুন যাতে লেখা আছে যে "না, এটি আমার নিয়মিত যাওয়া স্কুল না।" এবং নিজের স্কুলের নাম এবং ঠিকানা ক্ষেত্র 3-এ লিখুন। আপনি হোমস্কুল থেকে হলে "না, আমি হোমস্কুল থেকে।" লেখা তৃতীয় বাবলটি পূরণ করুন এবং ক্ষেত্র 3-এ অন্য কোনো তথ্য লিখবেন না।

আপনার স্কুল কোড ক্ষেত্র 4-এ পূরণ করুন। যদি আপনি এই স্কুলে জান, তাহলে আমাদের স্কুল কোড আমি কক্ষের সামনে পোস্ট করেছি। অন্যান্য স্কুলের কোডগুলিও যদি কারোর প্রয়োজন হয় তার জন্য তালিকাভুক্ত করা আছে। আপনি ঘরে পড়াশুনা করে থাকলে, ক্ষেত্র 4 খালি ছাড়ুন। আপনার সমাপ্ত হলে অনুগ্রহ করে দেখুন।

**অথবা**

*(B) ক্ষেত্র 2–4 এর জন্য, যদি সকল শিক্ষার্থী যারা আপনার শ্রেনীকক্ষে পরীক্ষা দিচ্ছে আর তারা যদি আপনার স্কুল থেকে হয় তাহলে আপনার পর্যবেক্ষক বলবেন:*

ক্ষেত্র 2-এ "হ্যা|" লেখা বাবলটি পুরণ করুন এবং ক্ষেত্র 3-এ আমাদের স্কুলের নাম ও ঠিকানা পূরণ করুন। ক্ষেত্র 4-এ স্কুল কোড পূরণ করুন যা আমি কক্ষের সামনে পোস্ট করেছি।

*(A) ক্ষেত্র 5-এ যদি আপনার স্কুল শিক্ষার্থী ID ব্যবহার করে তাহলে আপনার পর্যবেক্ষক বলবেন:*

ক্ষেত্র 5-এ, আপনার শিক্ষার্থীর সনাক্তকরণ নম্বর পূরণ করুন, বামদিকের প্রথম কলাম থেকে শুরু করে। আপনার ID নম্বরে অক্ষর থেকে থাকলে সেগুলি ছেড়ে যান ও শুধু সংখ্যা লিখুন। আপনি আপনার শিক্ষার্থীর ID নম্বর না জানলে আপনার হাত তুলুন। আপনার শেষ হয়ে গেলে মুখ তুলে তাকান।

*(B) ক্ষেত্র 5-এর জন্যে আপনার স্কুল যদি শিক্ষার্থী ID নম্বর ব্যবহার করছে না, তাহলে আপনার পর্যবেক্ষক বলবেন:*

- ক্ষেত্র 5-এ কোনো চিহ্ন দেবেন না।

*ক্ষেত্র 6-এর জন্যে আপনার পর্যবেক্ষক বলবেন:*

- ক্ষেত্র 6-এ আপনার সঠিক গ্রেডের স্তর পূরণ করুন।

*ক্ষেত্র 7-এর জন্যে আপনার পর্যবেক্ষক বলবেন:*

- ক্ষেত্র 7-এ সঠিক বাবল পূরণ করুন।

*ক্ষেত্র 8-এর জন্যে আপনার পর্যবেক্ষক বলবেন:*

- ক্ষেত্র 8-এ আপনার জন্মের মাস সঠিক বাবলে পূরণ করুন। তারপর সঠিক বাবলগুলোতে আপনার জন্মের দিন আর সালের শেষ 2 সংখ্যা পূরণ করুন। কোনো সংখ্যা 10-এর চেয়ে কম হলে 2 সংখ্যার যে কোনো ক্ষেত্র শুন্য দিয়ে শুরু করতে হবে। যদি আপনি বৃহৎ ব্লকের উত্তরপত্র ব্যবহার করছেন তাহলে আপনার জন্মের দিন, মাস ও সাল পূরণ করুন।

### 1.1.2 পরীক্ষার বই বিতরণ

*প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:*

- আমি এখন আপনাকে আপনার পরীক্ষার বই দিতে চলেছি। আপনার পরীক্ষার বইটি পেলে এটি খুলবেন না। এটি উল্টান ও পিছনের কভারটি পড়ুন। এতে পরীক্ষা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য এবং কিভাবে আপনার উত্তর সঠিকভাবে চিহ্নিত করতে হয় তা রয়েছে।

*প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:*

- আপনার পরীক্ষার বইয়ের পিছনে আপনার নাম, স্কুলের নাম এবং স্কুল কোড পরিষ্কার ভাবে প্রিন্ট করুন। আপনি যদি কোনো MP3 বা ATC ফরম্যাট ব্যবহার করে থাকেন, আপনাকে নিশ্চিত করতে হবে যে এই তথ্য আপনার ফ্ল্যাশড্রাইভ প্যাকেজিং-এও আছে। আপনার সমাপ্ত হলে অনুগ্রহ করে দেখুন।

এখন আপনার উত্তর পত্রের 4 নম্বর পৃষ্ঠা খুলুন (অথবা আপনি বৃহৎ ব্লকের উত্তর পত্র ব্যবহার করলে 7 নম্বর পৃষ্ঠা)।

### 1.1.3 পরীক্ষার বইয়ের তথ্য এবং শংসাপত্রের বিবৃতি সমাপ্তির সময়

*ক্ষেত্র A এবং B-এর জন্যে আপনার পর্যবেক্ষক বলবেন:*

- উত্তরপত্রের পিছনে ক্ষেত্র A এবং B খুঁজে বের করুন (অথবা আপনি বৃহৎ ব্লকের উত্তর পত্রে 7 নম্বর পৃষ্ঠা।) ফর্মের কোড এবং পরীক্ষার ID আপনার পরীক্ষার বইয়ের পিছনে দেয়া কোড সঠিকভাবে কপি করুন এবং (বা MP3 এবং ATC-র টেস্ট ট্র্যাকার) আপনার উত্তর পত্রের A এবং B ক্ষেত্রে লিখুন। ক্ষেত্র A-এর জন্যে অনুগ্রহ করে যথোপযুক্ত বাবলগুলোও পূরণ করুন। আপনার সমাপ্ত হলে অনুগ্রহ করে দেখুন।

*সকল শিক্ষার্থীকে আপনার পর্যবেক্ষক বলবেন:*

- কিছু সময় নিয়ে যাচাই করুন যে ফর্ম কোড এবং পরীক্ষা ID ক্ষেত্রগুলো সঠিকভাবে সম্পূর্ণ হয়েছে। আপনার উত্তর পত্রে আপনার সঠিক কোড প্রবেশ করানো গুরুত্বপূর্ণ। অন্যথায় আপনি স্কোর নাও পেতে পারেন।

*(A) আপনার স্কুল যদি ক্ষেত্র C-এর জন্য পরীক্ষা কক্ষ কোড ব্যবহার করে তাহলে আপনার পর্যবেক্ষক বলবেন:*

- যে পরীক্ষা কক্ষ কোড আমি পোস্ট করেছি তা ক্ষেত্র C-তে লিখুন; তারপর বাবল পূরণ করুন।

*(B) আপনার স্কুল যদি ক্ষেত্র C-এর জন্য পরীক্ষা কক্ষ কোড ব্যবহার না করে তাহলে আপনার পর্যবেক্ষক বলবেন:*

- অনুগ্রহ করে ক্ষেত্র C ফাঁকা রাখুন।

*(A) ক্ষেত্র D-এর জন্যে আপনার স্কুল যদি অপশনাল কোডগুলি ব্যবহার করে, তাহলে আপনার পর্যবেক্ষক বলবেন:*

- এই স্কুলের ছাত্ররা ক্ষেত্র D-তে আমার পোস্ট করা আপনার নম্বরটি পূরণ করুন।

*(B) ক্ষেত্র D-এর জন্যে আপনার স্কুল যদি অপশনাল কোডগুলি ব্যবহার না করে, তাহলে আপনার পর্যবেক্ষক বলবেন:*

অনুগ্রহ করে ক্ষেত্র D ফাঁকা রাখুন।

*সকল শিক্ষার্থীকে আপনার পর্যবেক্ষক বলবেন:*

অনুগ্রহ করে এখুনি আপনার উত্তরপত্রের পিছনে সার্টিফিকেশন বিবৃতি খুঁজে বের করুন।

বিবৃতিতে স্বাক্ষর করে আপনি কারো সাথে কোনো নির্দিষ্ট পরীক্ষার প্রশ্ন ইমেল, পাঠ্য বার্তা, ইন্টারনেট পোস্ট বা ইন্টারনেটের অন্য ব্যবহার সহ কোনো ধরণের কমিউনিকেশনের মাধ্যমে শেয়ার না করতে সম্মত হচ্ছেন। এটি করার ফলে নম্বর বাতিলকরণ বা অন্যান্য সম্ভাব্য নিষেধাজ্ঞা হতে পারে। এটি ছাড়াও আপনি সম্মত হন যে যদি আপনার স্কুল College Board-এ আপনার সম্পর্কে কোনো তথ্য দিয়ে থাকে তবে College Board এই পরীক্ষা সম্পর্কে শিক্ষামূলক পরিষেবা সরবরাহ করতে স্কোর রিপোর্টিং ও স্কলারশিপের যোগ্যতামান ও সুযোগ সম্পর্কিত তথ্যের মতো তথ্য রেখে দিতে পারে।

নীচে বিবৃতি ও বিধিগুলোর অনুচ্ছেদটি পড়ুন, তারপর আপনার অফিশিয়াল ডকুমেন্টে যেমন আছে তেমন ভাবে আপনার পুরো নামটি স্বাক্ষর করুন। আপনার স্বাক্ষরের নীচে আপনার নাম প্রিন্ট করুন ও আজকের তারিখটি লিখুন।

অনুগ্রহ করে এই বিভাগটি সম্পূর্ণ করা নিশ্চিত করুন। আপনি আপনার নাম স্বাক্ষর না করলে আপনার স্কোরগুলোতে বিলম্ব বা বাতিল হতে পারে।

আপনার শেষ হয়ে গেলে আপনার পেনসিল নামিয়ে রাখুন

*সবার সার্টিফিকেশন বিবৃতি সাক্ষর করা হয়ে গেলে আপনার পর্যবেক্ষক বলবেন:*

অনুগ্রহ করে এখন আপনার ক্যালকুলেটর ও অতিরিক্ত ব্যাটারি আপনার ডেস্কের নীচে রাখুন। এই বিভাগের জন্য আপনার সেগুলোর প্রয়োজন নেই।

পরীক্ষাটি চলাকালীন আপনার উত্তর পত্র ও পরীক্ষার বইটি আপনার ডেস্কে রেখে দিন। আপনি আপনার উত্তর পত্র ও পরীক্ষার বইটিতে পৃষ্ঠা না থাকার মতো কিছু ত্রুটি খুঁজে পেলে সেই সময় আপনার হাতটি তুলুন। আপনার প্রগতি দেখতে আমি ঘরটি ঘুরে দেখব। আমি পরীক্ষা চলাকালীন অফিশিয়াল সময়টিও দেখব এবং প্রতিটি বিভাগের জন্য আপনার কতটা সময় অবশিষ্ট আছে তা পর্যায়ক্রমে আপনাকে জানাব।

আপনি শুরু থেকে পরীক্ষার বইটি ব্যবহার করতে পারেন তবে আপনি আপনার পরীক্ষার বইতে চিহ্নিত করতে অনুমোদিত না হলে উত্তর পত্রে অবশ্যই আপনাকে আপনার উত্তরগুলো চিহ্নিত করতে হবে। সময় শেষ হয়ে যাওয়ার পরে আপনি আপনার পরীক্ষার পুস্তকটি থেকে আপনার উত্তর পত্রটিতে উত্তর নাও স্থানান্তর করতে বা ফাঁকা বাবল পূরণ নাও করতে পারেন।

পরীক্ষার পদ্ধতিগুলো সম্বন্ধে আপনার কোনো প্রশ্ন থেকে থাকলে অনুগ্রহ করে এখন তা জিজ্ঞাসা করুন। এই পরীক্ষার সময় বিভাগগুলো চলাকালীন আপনি প্রশ্নগুলোর উত্তর দিতে সক্ষম হব না।

### *1.1.3.1 নির্দিষ্ট বিন্যাসের নির্দেশাবলী*

*যদি কোনো শিক্ষার্থী স্ক্রাইব ব্যবহার করেন তবে আপনার পর্যবেক্ষক স্ক্রাইবকে বলবেন:*

অনুগ্রহ করে এই নির্দেশগুলি অনুসরণ করুন:

- আপনার শিক্ষার্থী যা নির্দেশ দেয় আপনাকে অবশ্যই শুধু তাই লিখতে হবে।
- আপনি কোনোমতেই কোনো শিক্ষার্থীকে এমন ভাবে প্রম্পট করবেন না যার ফলে পৃথক কোনো উত্তর পাওয়া যায়।
- যদি শিক্ষার্থী আপনার কাছে অপরিচিত কোনো শব্দ ব্যবহার করে অথবা কীভাবে উচ্চারণ করতে হবে তা না জানা থাকে তবে শিক্ষার্থীকে এটি উচ্চারণ করতে পারবেন।

*যে শিক্ষার্থী স্ক্রাইব ব্যবহার করেন আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনার উত্তরগুলো ও যে কোনো সংশোধন আপনি নির্দেশ দেওয়ার সাথে সাথে রেকর্ড করা হবে। আপনি আপনার কাজ পর্যালোচনা করতে চাইলে আপনার উত্তরগুলো আপনার কাছে পড়া হবে। আপনার কি কোনো প্রশ্ন রয়েছে?

*পাঠকের প্রতি আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনি কোনো শিক্ষার্থীর কাছে স্ক্রিপ্টটি পড়লে অনুগ্রহ করে প্রায়শই যেমনটি অনুরোধ করা হয় তেমনভাবে প্রশ্নটি পড়ুন। স্ক্রিপ্টে যা আছে শুধুমাত্র সেটি পড়া গুরুত্বপূর্ণ। স্ক্রিপ্টে যা আছে তার বাইরে ব্যাখ্যা সরবরাহ করবেন না, এমনকি শিক্ষার্থীটি এটি চাইলেও নয়। যদি কোনো শিক্ষার্থী ব্রেইল ফিগার ব্যবহার করছেন আর যদি সাপ্লিমেন্টটি ব্রেইল পড়তে পারে না, আপনি এই লেবেল এবং নম্বরগুলি সাধারণ-টাইপের বইয়ের সংশ্লিষ্ট অবস্থানে খুঁজে পাবেন। আপনার কি এই পদ্ধতিগুলো নিয়ে কোনো প্রশ্ন রয়েছে?

*শিক্ষার্থী যারা ব্রেইল পদ্ধতি ব্যবহার করছেন তাদেরকে আপনার পর্যবেক্ষক বলবেন:*

ব্রেইল পরীক্ষাটি বিবিধ বইতে বিভাজিত আছে। আপনাকে একবারে একটি বই দেওয়া হবে। পঠন পরীক্ষা ও লিখন এবং ভাষা পরীক্ষার বিভাগগুলো নিয়মিত গ্রেড 2 ব্রেইলে রয়েছে। পরীক্ষাটি জুড়ে প্রতিটি প্রশ্ন একটি লাইন দ্বারা আর একটি থেকে পৃথক। প্রতিটি প্রশ্ন কক্ষ 1-এ শুরু হয় যা কক্ষ 5-কেও অতিক্রম করে। প্রতিটি উত্তরের পছন্দ কক্ষ 3-এ শুরু হয় যা কক্ষ 5কেও অতিক্রম করে।

যে ধরনের ব্রেইল ব্যবহার করা হয় তা ইউনিফায়েড ইংলিশ ব্রেইল (UEB), এবং 1972-এর অঙ্ক পরীক্ষা নেমেথ কোড সংশোধিত। ব্রেইল ফিগারের সাপ্লিমেন্ট-এঅন্তর্ভুক্ত ব্রেইল অঙ্কের ফর্মুলা এবং অঙ্কের পরীক্ষার প্রতিটি বিভাগে ব্যবহার করার জন্য নির্দেশিকা।

অপনি যদি আপনার উত্তরগুলোর রেকর্ড করার জন্য কোনো ব্রেইল ডিভাইস ব্যবহার করেন, আপনি ব্যবহার করছেন এমন প্রতিটি পৃষ্ঠায় আপনি যে বিভাগে কাজ করছেন সেটিতে সম্পূর্ণ নাম এবং নম্বর লিখুন। আপনার প্রশ্নের নম্বর এবং আপনার উত্তর লিখুন। আপনার বাছাই করা উত্তরগুলো বড় হাতের অক্ষরে লেখা আবশ্যিক নয়।

আপনার কি এই পদ্ধতিগুলো নিয়ে কোনো প্রশ্ন রয়েছে?

*ATC ফর্ম্যাট ব্যবহার করা সমস্ত শিক্ষার্থীকে আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনি আজ আপনার স্ক্রিন রিডার বা অন্যান্য সফ্টওয়্যারের সাথে সঙ্গতিপূর্ণ পরীক্ষার একটি ফর্ম গ্রহণ করবেন। আমি এই সহায়ক প্রযুক্তিটি-কম্পিউটার থেকে আপনার ডেস্কে সুসঙ্গত ফর্ম্যাটে লোড করেছি।

অনুগ্রহ করে “ATC-এর ব্যবহারকারীদের জন্য নির্দেশনা ও তথ্য প্রারম্ভ” শিরোনামযুক্ত ইলেকট্রনিক ডকুমেন্টটি খুলে ও পড়ে পরীক্ষার জন্য প্রস্তুত হন। আপনার ডকুমেন্টটি পড়া শেষ হলে অনুগ্রহ করে মিনিমাইজ বোতামটি চয়ন করুন এবং মুখ তুলে তাকান।

পরীক্ষাটি চলাকালীন আপনি স্ক্রিনে যে নির্দেশিকা পড়বেন তাই শিক্ষার্থীরা পরীক্ষার বইতে পড়বেন। সময় ও অন্যান্য পদ্ধতির সমস্ত নির্দেশিকা যা আমি পড়ছি তা আপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে। আমি কোনো বিভাগে পরীক্ষা শুরু করতে বললে ফাইলের সঠিক বিভাগটি খুলুন ও আপনার পাসওয়ার্ডটি টাইপ করুন, এটি আপনার পরীক্ষার প্যাকেজিংয়ে মুদ্রিত আছে। আমি সময় শেষ জানালে পরীক্ষা বন্ধ করুন ও ফাইলটি বন্ধ করুন। আর কোনো প্রশ্ন রয়েছে?

### 1.1.4 সামনের কভারের নির্দেশিকা

*নিম্নলিখিতটি হল আপনার পরীক্ষার বইটির সামনের কভারের অনুবাদ।*

**গুরুত্বপূর্ণ রিমাইন্ডারগুলো**

1
পরীক্ষাটির জন্য একটি নম্বর 2 পেনসিল আবশ্যক।
কোনো যান্ত্রিক পেনসিল বা পেন ব্যবহার করবেন না।

2
কারো সাথে কোনো প্রশ্ন শেয়ার করা পরীক্ষার নিরাপত্তা ও স্বচ্ছতার নীতির একটি লঙ্ঘন ও এর ফলে আপনার স্কোর বাতিল হতে পারে।

এই পরীক্ষার বইটি কোনো মতেই কক্ষ থেকে নেওয়া হবে না। অননুমোদিত পুনরুৎপাদন বা এই পরীক্ষার বইয়ের কোনো অংশের ব্যবহার নিষিদ্ধ।

© 2018 The College Board. College Board এবং acorn লোগো হল College Board-এর নিবন্ধিত ট্রেডমার্ক। PSAT, College Board এর মালিকানাধীন একটি ট্রেডমার্ক।

## 1.1.5 পিছনের কভারের নির্দেশাবলী

*নীচে আপনার পরীক্ষার বইয়ের পিছনের কভারের অনুবাদ দেওয়া আছে। নির্দেশ দেওয়া হলে আপনাকে পরীক্ষার বই বা উত্তর পত্রকটিতে লিখতে হবে, অনুবাদের এই ডকুমেন্টটিতে নয়।*

---

**আপনার নাম (প্রিন্ট)** ____________________

শেষ প্রথম MI

**স্কুল** ____________________

সংখ্যা স্কুলের নাম রুম নম্বর

# PSAT™ 8/9

### সাধারণ নির্দেশিকাসমূহ

- আপনি একসময়ে শুধুমাত্র একটি বিভাগে কাজ করতে পারেন।
- আপনি সময় শেষ হওয়ার আগে কোনো বিভাগ শেষ করলে সেই বিভাগে আপনার কাজটি পরীক্ষা করুন। অপনি অন্য কোনো বিভাগ নাও খুলতে পারেন।

### উত্তরগুলো চিহ্নিত করা

- যথাযথভাবে নিশ্চিত করে আপনার উত্তর পত্র চিহ্নিত করুন।

সম্পূর্ণ নম্বর: অসম্পূর্ণ নম্বর:



- আপনাকে অবশ্যই একটি নম্বর 2 পেন্সিল ব্যবহার করতে হবে।
- প্রতিটি প্রশ্নের জন্য যত্ন নিয়ে একটি উত্তর চিহ্নিত করুন।
- সম্পূর্ণ বাবলটি গাঢ় করে ও সম্পূর্ণ পরিমাণে পূরণ করা নিশ্চিত করুন।
- আপনার উত্তর পত্রটিতে কোনো স্ট্রে চিহ্ন দেবেন না।
- মুছতে হলে, সম্পূর্ণভাবে মুছুন। অসম্পূর্ণ মোছা উদ্দীষ্ট উত্তর হিসাবে স্কোর হতে পারে।
- শুধুমাত্র প্রশ্নের নম্বরের সাথে সমতুল উত্তরের সারিটি ব্যবহার করুন।

### আপনার পরীক্ষার বইটি ব্যবহার করা


- আপনি শুরু থেকে পরীক্ষার বইটি ব্যবহার করতে পারেন তবে আপনি আপনার পরীক্ষার বইতে লেখা কোনো কিছুর জন্য ক্রেডিট পাবেন না।
- সময় শেষ হয়ে গেলে আপনি আপনার পরীক্ষার বইটি থেকে উত্তর পত্রে উত্তরগুলো স্থানান্তর করতে বা বাবল নাও পূরণ পূরণ করতে পারেন। সময় শেষ হয়ে গেলে আপনি আপনার পরীক্ষার বইটি থেকে উত্তর পত্রে উত্তরগুলো স্থানান্তর করতে বা বাবল পূরণ করতে পারবেন না।
- আপনি এই পুস্তিকাটি থেকে পৃষ্ঠাগুলো বা কোনো পৃষ্ঠার অংশ ভাঁজ করতে বা অপসারণ নাও করতে পারেন অথবা পরীক্ষার কক্ষ থেকে বই বা উত্তর পত্রটি নাও নিতে পারেন।


### স্কোরিং

- প্রতিটি সঠিক উত্তরের জন্য আপনি এক পয়েন্ট পাবেন।
- ভুল উত্তরের জন্য আপনার নম্বর কাটা যাবে না; সুতরাং আপনি কোনো প্রশ্নের উত্তর সম্পর্কে নিশ্চিত না হলেও আপনার প্রতিটি প্রশ্নের উত্তর দেওয়া উচিত।

**জরুরি**

নীচের কোডগুলো আপনার পরীক্ষার বইয়ের ক্ষেত্রে অনন্য। আপনার উত্তর পত্র থেকে বাক্স A ও B-তে উত্তরগুলো কপি করুন ও ঠিক যেমন দেখানো আছে তেমন ভাবে সংশ্লিষ্ট বাবলগুলো পূরণ করুন।




এই পাঠ্যটির জন্য অনুচ্ছেদগুলোতে থাকা ধারণাগুলো যার কয়েকটি প্রত্যাশিত বা প্রকাশিত উপাদান থেকে সংগৃহীত তা আবশ্যিক ভাবে College Board-এর মতামতকে উপস্থাপন করে না।

**পর্যবেক্ষক আপনাকে এই বইটি খুলতে না বলা অবধি এটি খুলবেন না।**

## 1.2 স্ক্রিপ্ট 1: মানক সময়

### 1.2.1 বিভাগ 1: পঠনের পরীক্ষা

*বিভাগ 1-এর মানক সময় হল **55 মিনিট**, সাথে বিভাগ শেষে **5 মিনিটের** বিরামকাল রয়েছে। আপনি কোনো অনুমোদিত ব্যবস্থার জন্য পরীক্ষা করলে আপনার সময় ও বিরামগুলো পৃথক হতে পারে। অনুগ্রহ করে আপনার পর্যবেক্ষকের পড়া ঘোষণাগুলো মনোযোগ সহকারে শুনুন। পরীক্ষার বইয়ের নির্দেশিকার কোনো অনুবাদ অনূদিত উচ্চারিত নির্দেশিকাটির পরে উপস্থিত হবে।*

*প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:*

আমি আপনার পরীক্ষার পুস্তিকাটি খুলতে না বলা অবধি তা খুলবেন না। আমরা একবার শুরু করলে আপনার কাছে পঠনের পুস্তিকার বিভাগ 1-এর উত্তর দিতে 55 মিনিট সময় লাগবে। এই বিভাগটি শেষ হয়ে গেলে আমরা 5 মিনিটের একটি বিরতি পাব।

নম্বরযুক্ত স্থানগুলোতে আপনার উত্তরগুলো নিশ্চিত করে চিহ্নিত করুন যা বিভাগ 1-এর নম্বরযুক্ত প্রশ্নের উত্তরের সমতুল। আপনি 2 নম্বর পেন্সিল ব্যবহার করছেন ও সম্পূর্ণ বাবলটি গাঢ় ও সম্পূর্ণভাবে পূরণ করেছেন তা নিশ্চিত করুন। আপনি আপনার উত্তর পরিবর্তন করলে এটি যতদূর সম্ভব মুছে দিন। আপনি সময় শেষ হওয়ার আগে উত্তর দেয়া শেষ করলে আপনি এই বিভাগে আপনার কাজটি যাচাই করতে পারেন তবে আপনি অন্য কোনো বিভাগে ফিরতে পারেন না।

মনে রাখবেন আপনি সঠিক উত্তরের জন্য পয়েন্ট পাবেন তবে ভুল উত্তরগুলোর জন্য পয়েন্ট কাটা যাবে না। এর অর্থ আপনাকে প্রতিটি প্রশ্নের জন্য সঠিক উত্তর দেয়ার চেষ্টা করা উচিত, এমনকি আপনি সঠিক উত্তর সম্পর্কে নিশ্চিত না হলেও দেয়া উচিত।

অনুগ্রহ করে 3য় পৃষ্ঠার বিভাগ 1-এ আপনার উত্তর পত্রটি খুলুন (অথবা আপনি বৃহৎ ব্লকের উত্তর পত্র ব্যবহার করলে পৃষ্ঠা 9)। আপনার উত্তর পত্র ও পরীক্ষার প্রশ্নটি সমান ভাবে আপনার ডেস্কে রাখুন। পৃষ্ঠা পিছনে ভাঁজ করবেন না। বিভাগ 1-এ আপনার পরীক্ষার বইটি খুলুন, নির্দেশিকা পড়ুন ও আপনার কাজ শুরু করুন। আপনার সময়ের শুরু এখন। শুভেচ্ছা।

*30 মিনিট পরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনার কাছে এই বিভাগে 25 মিনিট সময় রয়েছে।

*50 মিনিট পরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনার কাছে এই বিভাগে 5 মিনিট সময় রয়েছে।

*ঠিক 55 মিনিট পরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

কাজ করা থামান ও আপনার পেন্সিল নামিয়ে রাখুন।

আপনার উত্তরপত্র বন্ধ করুন এবং সেটি পরীক্ষার বইয়ের যেখানে আপনি কাজ করা থামিয়েছিলেন সেখানে রাখুন। আপনার পরীক্ষার বইটি ব্যবহার করা।

আপনার কাছে এখন আর কয়েক মিনিট সময় রয়েছে। অনুমতি ছাড়াই পরীক্ষা চলাকালীন পরীক্ষার প্রশ্নগুলো নিয়ে আলোচনা করবেন না বা পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন না।

আপনি ঠিক 5 মিনিটে আবার পরীক্ষাটি শুরু করবেন।

*যদি আপনার স্কুল শিক্ষার্থীদের ব্যক্তিগত জিনিসপত্র সংগ্রহ করে না থাকলে আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনি এই বিরতিতে অথবা পরীক্ষাটির সময় অন্য কোনো বিরতিতে কোনো ফোন বা অন্য কোনো বৈদ্যুতিন ডিভাইস অ্যাক্সেস অথবা ব্যবহার করতে নাও পারেন। পরীক্ষা শেষ না হওয়া অবধি সমস্ত ফোন ও অন্যান্য ডিভাইস অবশ্যই বন্ধ করে ও দূরে রাখতে হবে।

#### *1.2.1.1 বিরতি চলাকালীন*

*বিরতি শেষে আপনার পর্যবেক্ষক বলবেন:*

অনুগ্রহ করে আপনার আসন গ্রহণ করুন। আমি আপনার পরীক্ষার পুস্তিকাটি খুলতে না বলা অবধি তা খুলবেন না।

#### *1.2.1.2 বিভাগ 1 পরীক্ষার বইয়ের নির্দেশিকা*

*নিম্নলিখিতটি আপনার পরীক্ষার বইয়ের বিভাগ 1-এর শুরুতে থাকা নির্দেশিকার অনুবাদ।*

---

**55 মিনিট, 42টি প্রশ্ন (মানক সময়)**

**এই বিভাগের প্রশ্নগুলোর উত্তর দিতে আপনার উত্তর পত্রের বিভাগ 1টি খুলুন।**

**নির্দেশিকাসমূহ**

বেশ কয়েকটি প্রশ্নের শেষে অনুচ্ছেদ বা কয়েকটি অনুচ্ছেদ রয়েছে। প্রতিটি অনুচ্ছেদ বা জোড় পরের পর, সেই অনুচ্ছেদ, অনুচ্ছেদগুলিতে বা সংশ্লিষ্ট গ্রাফিক্স (যেমন টেবিল বা গ্রাফে) কি বলা বা বোঝানো হয়েছে তার ওপর ভিত্তি করে প্রতিটি প্রশ্নের যোগ্য উত্তর খুঁজুন।

---

### 1.2.2 বিভাগ 2: লেখা ও ভাষার পরীক্ষা

*বিভাগ 2-এর মানক সময় হল **30 মিনিট।** আপনি কোনো অনুমোদিত ব্যবস্থার জন্য পরীক্ষা করলে আপনার সময় ও বিরামগুলো পৃথক হতে পারে। অনুগ্রহ করে আপনার পর্যবেক্ষকের পড়া ঘোষণাগুলো মনোযোগ সহকারে শুনুন। পরীক্ষার বইয়ের নির্দেশিকার কোনো অনুবাদ অনূদিত উচ্চারিত নির্দেশিকাটির পরে উপস্থিত হবে।*

*প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:*

আমরা একবার শুরু করলে আপনার কাছে লেখা ও ভাষার পরীক্ষায় 2য় বিভাগে 30 মিনিট সময় লাগবে।

নম্বরযুক্ত স্থানগুলোতে আপনার উত্তরগুলো নিশ্চিত করে চিহ্নিত করুন যা বিভাগ 2-এর নম্বরযুক্ত প্রশ্নের উত্তরের সমতুল। আপনি সময় শেষ হওয়ার আগে উত্তর দেয়া শেষ করলে আপনি এই বিভাগে আপনার কাজটি যাচাই করতে পারেন তবে আপনি অন্য কোনো বিভাগে ফিরতে পারেন না।

আপনার পরীক্ষার বইটি সেখানে খুলুন যেখানে আপনি আপনার উত্তরপত্রটি রেখেছেন। আপনার উত্তরপত্রে পৃষ্ঠা 3-এর বিভাগ 2 খুঁজে বের করুন (অথবা আপনি বৃহৎ ব্লকের উত্তর পত্র ব্যবহার করলে পৃষ্ঠা 11 এ যান)। আপনার উত্তর পত্র ও পরীক্ষার প্রশ্নটি সমান ভাবে আপনার ডেস্কে রাখুন। পৃষ্ঠা পিছনে ভাঁজ করবেন না। এখন অনুগ্রহ করে আপনার পরীক্ষার বইয়ের 2য় বিভাগ খুলুন, নির্দেশিকা পড়ুন ও কাজ শুরু করুন। আপনার সময়ের শুরু এখন।

*15 মিনিট পরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনার কাছে এই বিভাগে 15 মিনিট সময় রয়েছে।

*25 মিনিট পরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনার কাছে এই বিভাগে 5 মিনিট সময় রয়েছে।

*ঠিক 30 মিনিট পরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

কাজ করা থামিয়ে নিজের পেন্সিল নামিয়ে রাখুন।
আপনার উত্তরপত্র বন্ধ করুন এবং সেটি পরীক্ষার বইয়ের যেখানে আপনি কাজ করা থামিয়েছিলেন সেখানে রাখুন। আপনার পরীক্ষার বইটি ব্যবহার করা।

### *1.2.2.1 বিভাগ 2 পরীক্ষার বইয়ের নির্দেশিকা*

*নিম্নলিখিতটি আপনার পরীক্ষার বইয়ের বিভাগ 2-এর শুরুতে থাকা নির্দেশিকার অনুবাদ।*

---

**30 মিনিট, 40টি প্রশ্ন (মানক সময়)**

**এই বিভাগের প্রশ্নগুলোর উত্তর দিতে আপনার উত্তর পত্রের বিভাগ 2টি খুলুন।**

**নির্দেশিকাসমূহ**

নীচের প্রত্যেকটি অনুচ্ছেদে বেশ কয়েকটি প্রশ্ন রয়েছে। কয়েকটি প্রশ্নের জন্য আপনাকে ধারণাগুলোর প্রকাশের উত্তর দিতে অনুচ্ছেদটি কীভাবে সংশোধিত হতে পারে তা বিবেচনা করবেন। অন্যান্য প্রশ্নের জন্য অনুচ্ছেদটি বাক্যের কাঠামো, ব্যবহার বা যতিচিহ্নের ত্রুটিগুলো সংশোধন করতে কীভাবে সম্পাদিত হতে পারে তা বিবেচনা করবেন। একটি অনুচ্ছেদ বা প্রশ্নের আপনি পরিমার্জনা ও সম্পাদনা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করার সাথে সাথে যা বিবেচনা করবেন তার সাথে থাকা এক বা একাধিক রেখচিত্র (যেমন সারণী বা রেখচিত্র) সমন্বিত হতে পারে।

কিছু প্রশ্ন কোনো অনুচ্ছেদের নিম্নরেখাঙ্কিত অংশে আপনাকে নির্দেশিত করতে পারে। অন্যান্য প্রশ্ন আপনাকে কোনো অনুচ্ছেদের কোনো অংশে নির্দেশিত করবে বা আপনাকে সামগ্রিক ভাবে অনুচ্ছেদটি সম্পর্কে বিবেচনা করতে বলবে।

প্রতিটি অনুচ্ছেদ পড়ার পরে সর্বাধিক কার্যকরভাবে অনুচ্ছেদের লিখনের গুণমানের উন্নতি করে বা লিখিত ইংরাজির মানকের কনভেনশন অনুসরণ করে এমন ভাবে প্রতিটি প্রশ্নের উত্তর বেছে নিন। অনেক প্রশ্নে একটি “পরিবর্তন করবেন না” বিকল্প অন্তর্ভুক্ত থাকে। আপনার যদি মনে হয় প্রবন্ধটির প্রাসঙ্গিক অংশটি যেমন আছে তেমন থাকাই সব চেয়ে উপযুক্ত তাহলে এই বিকল্পটি
চয়ন করুন।

---

## 1.2.3 বিভাগ 3: গণিতের পরীক্ষা – কোনো ক্যালকুলেটর নেই

*বিভাগ 3-এর স্ট্যান্ডার্ড সময় **20 মিনিট**, তাছাড়াও বিভাগ শেষে **5 মিনিটের** বিরতি রয়েছে। আপনি কোনো অনুমোদিত ব্যবস্থার জন্য পরীক্ষা করলে আপনার সময় ও বিরামগুলো পৃথক হতে পারে। অনুগ্রহ করে আপনার পর্যবেক্ষকের পড়া ঘোষণাগুলো মনোযোগ সহকারে শুনুন। পরীক্ষার বইয়ের নির্দেশিকার কোনো অনুবাদ অনূদিত উচ্চারিত নির্দেশিকাটির পরে উপস্থিত হবে।*

*প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:*

আমরা একবার শুরু করলে ক্যালকুলেটর ছাড়াই গণিত পরীক্ষায় আপনার 3য় বিভাগে কাজ করার জন্য 20 মিনিট সময় থাকবে। এই বিভাগটি শেষ হয়ে গেলে আমরা 5 মিনিটের একটি বিরতি পাব।

যদিও এটি গণিত পরীক্ষার একটি অংশ,তাহলেও আপনি ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন না যদি না আপনার কাছে 4টি কার্যকারিতাযুক্ত ক্যালকুলেটর ব্যবহার করার অনুমোদন থাকে। অন্যথায় অনুগ্রহ করে আপনার ক্যালকুলেটরটি আপনার ডেস্কের নীচে রাখুন।

আপনার পরীক্ষার বইটি সেখানে খুলুন যেখানে আপনি আপনার উত্তরপত্রটি রেখেছেন। আপনার উত্তরপত্রে পৃষ্ঠা 3-এর বিভাগ 3 খুঁজে বের করুন (অথবা আপনি বৃহৎ ব্লকের উত্তর পত্র ব্যবহার করলে পৃষ্ঠা 13 এ যান)। আপনার উত্তর পত্র ও পরীক্ষার প্রশ্নটি সমান ভাবে আপনার ডেস্কে রাখুন। পৃষ্ঠা পিছনে ভাঁজ করবেন না। নম্বরযুক্ত স্থানগুলোতে আপনার উত্তরগুলো নিশ্চিত করে চিহ্নিত করুন

যা বিভাগ 3-এর নম্বরযুক্ত প্রশ্নের উত্তরের সমতুল। “শিক্ষার্থীদের তৈরি করা প্রতিক্রিয়াগুলো” প্রশ্নগুলোতে কীভাবে আপনার উত্তর দেবেন সে সম্পর্কে নির্দেশিকা আপনার পরীক্ষার বইয়ে আছে। এই প্রশ্নেগুলির উত্তর ছোট হতে হবে কিন্তু 4 অক্ষরের বেশি বড় হবে না।

আপনি সময় শেষ হওয়ার আগে উত্তর দেয়া শেষ করলে আপনি এই বিভাগে আপনার কাজটি যাচাই করতে পারেন তবে আপনি অন্য কোনো বিভাগে ফিরতে পারেন না।

এখন অনুগ্রহ করে আপনার পরীক্ষার বইয়ের 3য় বিভাগ খুলুন, নির্দেশিকা পড়ুন ও কাজ শুরু করুন। আপনার সময়ের শুরু এখন।

*10 মিনিট পরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনার কাছে এই বিভাগে 10 মিনিট সময় রয়েছে।

*15 মিনিট পরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনার কাছে এই বিভাগে 5 মিনিট সময় রয়েছে।

*ঠিক 20 মিনিট পরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

কাজ করা থামান ও আপনার পেন্সিল নামিয়ে রাখুন।

আপনার উত্তরপত্র বন্ধ করুন এবং সেটি পরীক্ষার বইয়ের যেখানে আপনি কাজ করা থামিয়েছিলেন সেখানে রাখুন। আপনার পরীক্ষার বইটি ব্যবহার করা।

আপনার কাছে এখন আর কয়েক মিনিট সময় রয়েছে। অনুমতি ছাড়াই পরীক্ষা চলাকালীন পরীক্ষার প্রশ্নগুলো নিয়ে আলোচনা করবেন না বা পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন না।

আপনি ঠিক 5 মিনিটে আবার পরীক্ষাটি শুরু করবেন।

### *1.2.3.1 বিরতি চলাকালীন*

***বিরতি শেষে আপনার পর্যবেক্ষক বলবেন:***

অনুগ্রহ করে আপনার আসন গ্রহণ করুন। আমি আপনার পরীক্ষার পুস্তিকাটি খুলতে না বলা অবধি তা খুলবেন না।

### *1.2.3.2 বিভাগ 3 পরীক্ষার বইয়ের নির্দেশিকা*

*নিম্নলিখিতটি আপনার পরীক্ষার বইয়ের বিভাগ 3-এর শুরুতে থাকা নির্দেশিকার অনুবাদ।*

---

**20 মিনিট, 13টি প্রশ্ন (মানক সময়)**
**এই বিভাগের প্রশ্নগুলোর উত্তর দিতে আপনার উত্তর পত্রের বিভাগ 3টি খুলুন।**


**নির্দেশিকাসমূহ**

**1-10 নম্বরের প্রশ্নের জন্য** প্রতিটি সমস্যার সমাধান করুন, যে পছন্দ দেয়া হয়েছে সেটি থেকে সর্বোত্তম উত্তর বেছে নিন এবং আপনার উত্তর পত্রে সমতুল বৃত্তটি পূরণ করুন। **11-13 নম্বরের প্রশ্নের জন্য**, সমস্যার সমাধান করুন এবং উত্তর পত্রটিতে গ্রিডে আপনার উত্তর লিখুন। কীভাবে গ্রিডে আপনার উত্তর লিখতে হবে সে সম্পর্কে অনুগ্রহ করে প্রশ্ন 11-এর সামনে নির্দেশিকা দেখুন। আপনি শুরু থেকে কাজ করার জন্য আপনার পরীক্ষার পুস্তিকাটিতে যে কোনো উপলব্ধ স্থান ব্যবহার করতে পারেন।

**রেফারেন্স**

1. ক্যালকুলেটরের ব্যবহার **অনুমোদিত নয়**।
2. অন্যথায় সূচিত না থাকলে সমস্ত পরিবর্তনীয় ও প্রকাশ রিয়েল নম্বরের প্রতিনিধিত্ব করে।
3. পরীক্ষাটিতে সরবরাহ করা ফিগারগুলো অন্যথায় সূচিত না থাকলে রিয়েল নম্বরের প্রতিনিধিত্ব করে।
4. অন্যথায় সূচিত না থাকলে সমস্ত ফিগার সমতলে থাকে।
5. অন্যথায় সূচিত না থাকলে কোনো প্রদত্ত ফাংশনের *f* ডোমেন হল সমস্ত রিয়েল নম্বর *x* এর সেট যার জন্য *f(x)* হল একটি রিয়েল নম্বর।

**রেফারেন্স**




$A = \pi r^2$, $C = 2\pi r$ $\quad A = \ell w$ $\quad A = \frac{1}{2}bh$ $\quad c^2 = a^2 + b^2$ $\quad$ বিশেষ সমকোণী ত্রিভুজ




$V = \ell wh$ $\quad V = \pi r^2 h$ $\quad V = \frac{4}{3}\pi r^3$ $\quad V = \frac{1}{3}\pi r^2 h$ $\quad V = \frac{1}{3}\ell wh$

কোনো বৃত্তের ব্যাসের ডিগ্রি হল 360।

কোনো বৃত্তের চাপের রেডিয়াস সংখ্যা হল 2π।

একটি ত্রিভুজের কোণগুলোর সমষ্টি 180।

**নির্দেশিকাসমূহ**


**11-13 নম্বর প্রশ্নের জন্য,** সমস্যাটির সমাধান করুন ও আপনার উত্তর নীচের গ্রীডে যেমনটি বর্ণিত আছে তেমন ভাবে উত্তর পত্রে লিখুন।

1. যদিও প্রয়োজন নেই তবুও নির্ভুলভাবে বাবলগুলো পূরণ করতে আপনাকে সাহায্য করতে কলামগুলোর শীর্ষে বাক্সগুলোতে আপনার উত্তর লিখতে পরামর্শ দেয়া হচ্ছে। যদি সঠিক ভাবে বাবলগুলো পূরণ হয় তবেই আপনি ক্রেডিট পাবেন।


2. প্রতিটি কলামে একটির বেশি বাবল চিহ্নিত করবেন না।

3. কোনো প্রশ্নের ঋণাত্মক উত্তর নেই।


4. কিছু প্রশ্নের একটির বেশি সঠিক উত্তর থাকতে পারে। এ ক্ষেত্রে শুধুমাত্র একটি উত্তর গ্রিড করুন।

5. **-এর মত মিশ্র নম্বর** অবশ্যই $3\frac{1}{2}$ 3.5 বা 7/2 এর মত গ্রিড করা হতে হবে। (যদি  কোনো গ্রিডে লেখা হলে, সেটি $\frac{31}{2}$ হিসাবে বিবেচনা করা হবে, $3\frac{1}{2}$ হিসাবে নয়।)


6. **দশমিক উত্তর:** আপনি গ্রিড যতটা স্থান সঙ্কুলান করতে পারে তার চেয়ে আরো বেশি সংখ্যা সহ কোনো দশমিক উত্তর পেলে এটি হয় গোলাকার বা ছিন্ন হতে পারে তবে এটি অবশ্যই সম্পূর্ণ গ্রিডকে পূরণ করতে হবে।




**গ্রিড $\frac{2}{3}$ এর গ্রহণযোগ্য উপায় হল:**




**উত্তর: 201 - দুটির যে কোনো অবস্থানই সঠিক**




**দ্রষ্টব্য:**
স্থান সঙ্কুলান হলে আপনি যে কোনো কলামে আপনার উত্তর লেখা শুরু করতে পারেন। আপনার যে কলামগুলো ব্যবহারের প্রয়োজন নেই সেগুলো ফাঁকা রাখা উচিত।

### 1.2.4 বিভাগ 4: গণিতের পরীক্ষা – ক্যালকুলেটর

*বিভাগ 4-এর মানক সময় হল **40 মিনিট।** আপনি কোনো অনুমোদিত ব্যবস্থার জন্য পরীক্ষা করলে আপনার সময় ও বিরামগুলো পৃথক হতে পারে। অনুগ্রহ করে আপনার পর্যবেক্ষকের পড়া ঘোষণাগুলো মনোযোগ সহকারে শুনুন। পরীক্ষার বইয়ের নির্দেশিকার কোনো অনুবাদ অনূদিত উচ্চারিত নির্দেশিকাটির পরে উপস্থিত হবে।*

*যখন সমস্ত শিক্ষার্থী প্রস্তুত, তখন আপনার পর্যবেক্ষক বলবেন:*

এটি পরীক্ষার শেষ অংশ-আপনি প্রায় শেষ করে ফেলেছেন! আমরা একবার শুরু করলে আপনার কাছে ক্যালকুলেটর ব্যবহার করে গণিত পরীক্ষায় বিভাগ 4-এর উত্তর দেয়ার জন্য 40 মিনিট থাকবে।

আপনি এই বিভাগের জন্য আপনার ক্যালকুলেটর ব্যবহার করতে পারেন; অনুগ্রহ করে এখন আপনার ডেস্কে আপনার ক্যালকুলেটর রাখুন। কোনো ক্যালকুলেটর ব্যবহার করার সময় এই নির্দেশিকা অনুসরণ করুন:

- এটিকে আপনার ডেস্কে রাখুন বা ধরে থাকুন যাতে অন্য শিক্ষার্থীরা আপনার কাজটি না দেখতে পারে।
- আপনার ক্যালকুলেটর কারো সাথে শেয়ার করবেন না বা দেয়া নেয়া করবেন না।
- আপনি কোনো ব্যাকআপ ক্যালকুলেটর ও ব্যাটারি এনে রাখলে সেগুলো আপনার ডেস্কের নীচে রাখুন।
- আপনার ক্যালকুলেটর ত্রুটিপূর্ণ উপায়ে কাজ করে এবং আপনার ব্যাটারি ও ব্যাকআপ ক্যালকুলেটর থেকে থাকলে আপনার হাত তুলুন। আমি আপনাকে সাহায্য করতে আসব। আপনার কোনো ব্যাকআপ না থাকলে পরীক্ষা দেয়া চালিয়ে যান। কোনো ক্যালকুলেটর ছাড়াও সমস্ত গণিতের প্রশ্নের উত্তর দেয়া যাবে।

আপনার পরীক্ষার বইটি সেখানে খুলুন যেখানে আপনি আপনার উত্তরপত্রটি রেখেছেন। আপনার উত্তরপত্রে পৃষ্ঠা 3-এর বিভাগ 4 খুঁজে বের করুন (অথবা আপনি বৃহৎ ব্লকের উত্তর পত্র ব্যবহার করলে পৃষ্ঠা 15 এ যান)। আপনার উত্তর পত্র ও পরীক্ষার প্রশ্নটি সমান ভাবে আপনার ডেস্কে রাখুন। পৃষ্ঠা পিছনে ভাঁজ করবেন না। নম্বরযুক্ত স্থানগুলোতে আপনার উত্তরগুলো নিশ্চিত করে চিহ্নিত করুন যা বিভাগ 4-এর নম্বরযুক্ত প্রশ্নের উত্তরের সমতুল। "শিক্ষার্থীদের তৈরি করা প্রতিক্রিয়াগুলো" প্রশ্নগুলোতে কীভাবে আপনার উত্তর দেবেন সে সম্পর্কে নির্দেশিকা আপনার পরীক্ষার বইয়ে আছে। এই প্রশ্নেগুলির উত্তর ছোট হতে হবে কিন্তু 4 অক্ষরের বেশি বড় হবে না।

আপনি সময় শেষ হওয়ার আগে উত্তর দেয়া শেষ করলে আপনি এই বিভাগে আপনার কাজটি যাচাই করতে পারেন তবে আপনি অন্য কোনো বিভাগে ফিরতে পারেন না।

এখন অনুগ্রহ করে আপনার পরীক্ষার বইয়ের 4য় বিভাগ খুলুন, নির্দেশিকা পড়ুন ও কাজ শুরু করুন। আপনার সময়ের শুরু এখন।

*20 মিনিট পরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনার কাছে এই বিভাগে 20 মিনিট সময় রয়েছে।

*35 মিনিট পরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

আপনার কাছে এই বিভাগে 5 মিনিট সময় রয়েছে।

*ঠিক 40 মিনিট পরে আপনার পর্যবেক্ষক বলবেন:*

কাজ করা থামান ও আপনার পেন্সিল নামিয়ে রাখুন।

শীর্ষে যাতে 1 নম্বর পৃষ্ঠা থাকে তাই আপনার উত্তরের পত্রটি বন্ধ করুন। আপনার পরীক্ষার বইটি বন্ধ করুন ও এটিকে আপনার উত্তরের পত্রের শীর্ষে রাখুন।

অভিনন্দন—আপনি সবেমাত্র পরীক্ষাটি শেষ করেছেন! আমি শেষ না করা অবধি অনুগ্রহ করে আপনার আসনে বসে থাকুন।

### *1.2.4.1 বিভাগ 4 পরীক্ষার বইয়ের নির্দেশিকা*

*নিম্নলিখিততি আপনার পরীক্ষার বইয়ের বিভাগ 4-এর শুরুতে থাকা নির্দেশিকার অনুবাদ।*

---

**40 মিনিট, 25টি প্রশ্ন (মানক সময়)**

**এই বিভাগের প্রশ্নগুলোর উত্তর দিতে আপনার উত্তর পত্রের বিভাগ 4টি খুলুন।**


**নির্দেশিকাসমূহ**

**1-21 নম্বরের প্রশ্নের জন্য** প্রতিটি সমস্যার সমাধান করুন, যে পছন্দ দেয়া হয়েছে সেটি থেকে সর্বোত্তম উত্তর বেছে নিন এবং আপনার উত্তর পত্রে সমতুল বৃত্তটি পূরণ করুন। **22-25 নম্বরের প্রশ্নের জন্য,** সমস্যার সমাধান করুন এবং উত্তর পত্রটিতে গ্রিডে আপনার উত্তর লিখুন। কীভাবে গ্রিডে আপনার উত্তর লিখতে হবে সে সম্পর্কে অনুগ্রহ করে প্রশ্ন **22**-এর সামনে নির্দেশিকা দেখুন। আপনি শুরু থেকে কাজ করার জন্য আপনার পরীক্ষার পুস্তিকাটিতে যে কোনো উপলব্ধ স্থান ব্যবহার করতে পারেন।


**নোটসমূহ**

1. ক্যালকুলেটর **ব্যবহারের অনুমতি রয়েছে**।
2. অন্যথায় সূচিত না থাকলে সমস্ত পরিবর্তনীয় ও প্রকাশ রিয়েল নম্বরের প্রতিনিধিত্ব করে।
3. পরীক্ষাটিতে সরবরাহ করা ফিগারগুলো অন্যথায় সূচিত না থাকলে রিয়েল নম্বরের প্রতিনিধিত্ব করে।
4. অন্যথায় সূচিত না থাকলে সমস্ত ফিগার সমতলে থাকে।
5. অন্যথায় সূচিত না থাকলে কোনো প্রদত্ত ফাংশনের *f* ডোমেন হল সমস্ত রিয়েল নম্বর *x* এর সেট যার জন্য *f(x)* হল একটি রিয়েল নম্বর।

**রেফারেন্স**




$A = \pi r^2$, $C = 2\pi r$ | $A = \ell w$ | $A = \frac{1}{2}bh$ | $c^2 = a^2 + b^2$ | বিশেষ সমকোণী ত্রিভুজ




$V = \ell wh$ | $V = \pi r^2 h$ | $V = \frac{4}{3}\pi r^3$ | $V = \frac{1}{3}\pi r^2 h$ | $V = \frac{1}{3}\ell wh$

কোনো বৃত্তের ব্যাসের ডিগ্রি হল 360।

কোনো বৃত্তের চাপের রেডিয়াস সংখ্যা হল 2π।

একটি ত্রিভুজের কোণগুলোর সমষ্টি 180।

**নির্দেশিকাসমূহ**


**22-25 নম্বর প্রশ্নের জন্য**, সমস্যাটির সমাধান করুন ও আপনার উত্তর নীচের গ্রীডে যেমনটি বর্ণিত আছে তেমন ভাবে উত্তর পত্রে লিখুন।

1. যদিও প্রয়োজন নেই তবুও নির্ভুলভাবে বৃত্তগুলো পূরণ করতে আপনাকে সাহায্য করতে কলামগুলোর শীর্ষে বাক্সগুলোতে আপনার উত্তর লিখতে পরামর্শ দেয়া হচ্ছে। যদি সঠিক ভাবে বৃত্তগুলো পূরণ হয় তবেই আপনি ক্রেডিট পাবেন।


2. প্রতিটি কলামে একটির বেশি বৃত্ত চিহ্নিত করবেন না।

3. কোনো প্রশ্নের ঋণাত্মক উত্তর নেই।


4. কিছু প্রশ্নের একটির বেশি সঠিক উত্তর থাকতে পারে। এ ক্ষেত্রে শুধুমাত্র একটি উত্তর গ্রিড করুন।

5. **–এর মত মিশ্র নম্বর** অবশ্যই $3\frac{1}{2}$ 3.5 বা 7/2 এর মত গ্রিড করা হতে হবে। (যদি  কোনো গ্রিডে লেখা হলে, সেটি $\frac{31}{2}$ হিসাবে বিবেচনা করা হবে, $3\frac{1}{2}$ হিসাবে নয়।)


6. **দশমিক উত্তর:** আপনি গ্রিড যতটা স্থান সঙ্কুলান করতে পারে তার চেয়ে আরো বেশি সংখ্যা সহ কোনো দশমিক উত্তর পেলে এটি হয় গোলাকার বা ছিন্ন হতে পারে তবে এটি অবশ্যই সম্পূর্ণ গ্রিডকে পূরণ করতে হবে।




**গ্রিড $\frac{2}{3}$ এর গ্রহণযোগ্য উপায় হল:**



**উত্তর: 201 - দুটির যে কোনো অবস্থানই সঠিক**



**দ্রষ্টব্য:** স্থান সঙ্কুলান হলে আপনি যে কোনো কলামে আপনার উত্তর লেখা শুরু করতে পারেন। আপনার যে কলামগুলো ব্যবহারের প্রয়োজন নেই সেগুলো ফাঁকা রাখা উচিত।

# 2 পরীক্ষার পরে

## 2.1 সমাপ্তি

### 2.1.1 পরীক্ষার বই এবং অন্য পরীক্ষার সামগ্রী সংগ্রহ করা হচ্ছে

*প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:*

আমি এখন আপনার পরীক্ষার বইগুলি সংগ্রহ করব। আপনার উত্তর পত্রটি সমান ভাবে আপনার ডেস্কে রাখুন এবং শান্ত হয়ে বসুন।

*MP3 অথবা ATC ব্যবহারকারীদের আপনার পর্যবেক্ষক বলবেন:*

আমি এখন আপনার ফ্ল্যাশ ড্রাইভগুলো সংগ্রহ করব।

### 2.1.2 শেষ করা হচ্ছে

*ছাত্ররা যাদের চিহ্নিতকরণের তথ্য উত্তরপত্রে সম্পূর্ণ করতে হবে তাদের আপনার পর্যবেক্ষক বলবেন:*

আমি অন্যান্য শিক্ষার্থীদের খাতা সংগ্রহ করার সময় শান্ত হয়ে বসুন। আমি তারপর উত্তর পত্রের আপনার ব্যক্তিগত তথ্য সম্পূর্ণ করতে নির্দেশ দেব। আমি সেই তথ্য সম্পূর্ণ না করা অবধি আপনার পরীক্ষা পর্ব সমাপ্ত করতে পারব না।

### 2.1.3 উত্তরপত্র সংগ্রহ করা

*যে শিক্ষার্থীদের উত্তর পত্র সম্পূর্ণ তাদের আপনার পর্যবেক্ষক বলবেন:*

আমি এখন আপনার উত্তর পত্রটি সংগ্রহ করব। আমি শেষ না করা অবধি শান্ত হয়ে বসুন।

#### *2.1.3.1 ছাত্রদের ছাড়ার আগে*

*সব সামগ্রী বিবেচনা করার পর আপনার পর্যবেক্ষক বলবেন:*

একটু পরেই আমি আপনাদের যেতে দিচ্ছি। মনে রাখবেন: আপনি অবশ্যই কোনো পরিস্থিতিতেই পরীক্ষা কক্ষটি থেকে পরীক্ষার প্রশ্ন নেবেন না বা কোনো উপায়ে, ইমেল, পাঠ্য বার্তা বা ইন্টারনেটের সাহায্যে কারও সাথে আলোচনা করবেন না।

আপনার স্কোর কখন উপলব্ধ হবে ও আপনার বয়স কমপক্ষে 13 বছর হলে কীভাবে অনলাইনে আপনি আপনার স্কোরের রিপোর্ট অ্যাক্সেস করতে পারবেন তা আপনাকে জানানো হবে। আপনার বয়স 13 বছরের বেশি হলে আপনি আপনার নির্দিষ্ট পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ব্যক্তিগতকৃত অনুশীলনের জন্য খান একাডেমিতে লিঙ্ক করতে সক্ষম হবেন।

পরীক্ষার প্রশাসনটি এখন শেষ। আবারও অভিনন্দন জানাই ও আপনার অংশগ্রহণ ও আপনার কঠোর পরিশ্রমের জন্য আপনাকে ধন্যবাদ। আপনি আপনার জিনিসপত্র সংগ্রহ করতে পারেন ও কক্ষ ছেড়ে যেতে পারেন।